**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**9 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================================

রাজ্যের ৫ টি বিধানসভা আসনের উপনির্বাচনের প্রচার অভিযান আগামী সোমবার সমাপ্ত হবে । এর পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দল নিজ নিজ দলের প্রার্থীদের সমর্থনে ব্যাপক প্রচার অভিযান অব্যাহত রেখেছে । এই উপনির্বাচনে মোট ৩৪ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।বিজেপির প্রবীণ নেতা তথা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , কেন্দ্রীয়মন্ত্রী সর্বানন্দ সনোয়াল সহ অন্যান্য মন্ত্রী , সাংসদ এবং বিধায়করা এন ডি এ প্রার্থীর সমর্থনে বিভিন্ন নির্বাচনী প্রচার সভায় অংশগ্রহণ করছেন । রাজ্য কংগ্রেসের সভাপতি ভূপেন বরা , সাংসদ গৌরব গগৈ ও দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচার চালিয়ে যাচ্ছেন । কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ সামগুরি আসনে প্রচারসভায় অংশগ্রহণ করেন ।এই কার্যসূচীতে মন্ত্রী বিমল বরাও উপস্থিত ছিলেন ।মন্ত্রী কেশব মহন্তও আজ সামগুরি আসনের প্রার্থীর সমর্থনে প্রচার চালান ।মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া আজ ধলাই আসনের প্রার্থীর সমর্থনে নির্বাচনী প্রচার সভায় অংশগ্রহণ করেন ।এদিকে কংগ্রেস সাংসদ গৌরব গগৈ বিহালীতে প্রচার অভিযানে অংশ নেন ।সাংসদ রকিবুল হুসেন ও আজ বিহালীতে প্রচার চালান । রাজ্যে ৫ টি আসনে অনুষ্ঠেয় উপনির্বাচনে আম আদমী পার্টী বিহালী ও সামগুরি আসনে প্রতিদ্বন্দিতা করছে ।দলটির

উপসভাপতি অনুরূপা ডেকারজাই  উন্নয়ন ও সুপ্রশাসনের স্বার্থে জনসাধারণ আম আদমী পার্টীর  উভয় প্রার্থীকে জয়ী করবেন বলে আশা প্রকাশ করেন ।

উল্লেখ্য এই উপনির্বাচনে ধলাই আসনে ৮ জন প্রার্থী , সামগুরি আসনে ১১ জন , সিদলী আসনে ৩ জন ,বিহালী আসনে ৪ জন এবং বঙ্গাইগাঁও আসনে ৮ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় অবতীর্ণ হয়েছেন ।

---

এদিকে ধলাই বিধানসভা উপ-নির্বাচনে এস ইউ সি আই কমিউনিস্ট দলের প্রার্থী গৌর চন্দ্র দাসের সমর্থনে আজ রুকনি চা বাগান ,দিদারখোস,যোগীরবন্দ ও ভাগাবাজারের মণিপুরী মার্কেটে পথসভা অনুষ্ঠিত হয়েছে । পথসভায় বক্তব্য রাখেন দলের প্রার্থী গৌর চন্দ্র দাস , দলের রাজ্য কমিটির সদস্য অরুণাংশু ভট্টাচার্য্য , ভবতোষ চক্রবর্তী প্রমূখ ।

---

কাছাড়ের অতিরিক্ত জেলা নির্বাচন আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে ২০২৫ সালের পয়লা জানুয়ারীকে ভিত্তি করে কাছাড় জেলায় প্রকাশিত ফটোযুক্ত ভোটার তালিকার বিশেষ সারসংক্ষেপ সংশোধনের জন্য ভোটারদের নাম অন্তর্ভূক্তি , মুছেফেলা , পরিবর্তন ও স্থানান্তরের জন্য আজ থেকে বিশেষ শিবিরের আয়োজন করা হচ্ছে  ।  ।শিবির আজ ও আগামী কাল এবং ১৬ ও ১৭ নভেম্বর জেলার প্রতিটি ভোটকেন্দ্র সহ লক্ষীপুরের পয়লাপুল বাজার , উধারবন্দ বাজার , বরখলার ডলু বাজার ,

কাটিগড়ার চেরাগি বাজার ,শিলচর গোলদিঘী মল এবং সোনাই বাজারে বিশেষ শিবির স্থাপন করা হবে ।
অনুরূপভাবে হাইলাকান্দি জেলার ভোটার তালিকা সংশোধনের জন্য ভোটকেন্দ্রগুলোতে সচেতনতা শিবিরের আয়োজন করা হয়েছে ।আজ ও আগামীকাল এবং ১৬ ও ১৭ ই নভেম্বর ভোটকেন্দ্রগুলোর বি এল ও রা তাদের নিজ নিজ ভোটকেন্দ্রে উপস্থিত থেকে ভোটারতালিকায় নাম অন্তর্ভুক্ত করা , নাম মুছে ফেলা , সংশোধনী , স্থান পরিবর্তন ইত্যাদি কাজে ভোটারদের সহায়তা করবেন । খসড়া ভোটার তালিকায় দাবি ও আপত্তি আগামী ২৮ শে নভেম্বর পর্যন্ত দাখিল করা যাবে।

---

ওয়াক অফ সংশোধনী বিল নিয়ে উত্তরপূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্য সরকার ও সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করার উদ্দেশ্যে গুয়াহাটীতে আসা যুগ্ম সংসদীয় কমিটির এক প্রতিনিধি দল আজ গুয়াহাটীতে এক বৈঠকে অংশগ্রহণ করে ।সাংসদ জগদম্বিকা পালের অধ্যক্ষতায় এই সংসদীয় কমিটির এই প্রতিনিধি দলটির অন্যান্য সদস্যদের মধ্যে সাংসদ অপরাজিতা সারংগী এবং দরং - ওদালগুরির সাংসদ দিলীপ শইকিয়া রয়েছেন ।এদিকে এই কমিটির অধ্যক্ষা জগদম্বিকা পালের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ উত্থাপন করে বিরোধী পক্ষের সদস্যরা আজকের এই বৈঠকে অংশগ্রহণ করা থৈকে বিরত থাকে । তবে এ আই ইউ ডি এফ দলের সভাপতি বদরুদ্দিন আজমলের নেতৃত্বে দলের সদস্যরা বিকেলে সংসদীয় কমিটির সঙ্গে সাক্ষাৎ করে ।

---

সুপ্রীম কোর্টের ৫১ তম মূখ্য বিচারপতি হিসেবে বিচারপতি সঞ্জীব খান্না আগামী সোমবার  দায়িত্বভার গ্রহণ করবেন ।
উল্লেখ্য দুবছরের কার্যকালের শেষে সুপ্রীম কোর্টের মূখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় গতকাল অবসর গ্রহণ করেছেন ।সুপ্রীম কোর্টের বার এসোসিয়েশন আয়োজিত বিদায় সম্বর্ধনা অনুষ্ঠানে গতকাল অংশগ্রহণ করে  মূখ্য বিচারপতি আবেগপ্রবণ হয়ে পড়েন । স্মৃতি রোমন্থন করে শ্রী চন্দ্রচূড় তাঁর কার্যকালে অনিচ্ছাকৃত দুঃখ দেবার জন্য তিনি সবার প্রতি ক্ষমা প্রার্থনা করেন । উল্লেখ্য আগামীকাল  মূখ্য বিচারপতির কার্যকাল শেষ হলেও আজ ও আগামীকাল কোর্ট বন্ধ থাকার জন্য তিনি গতকাল আনুষ্ঠানিকভাবে অবসর গ্রহণ করেন ।

---

মূখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের অধীনে রাজ্যের নির্বাচিত উদ্যোগীদের দ্বিতীয় কিস্তির অর্থ প্রদান প্রক্রিয়া আজ আরম্ভ হয়েছে । এ উদ্দেশ্যে রাজ্যসরকার ইতিমধ্যে ৬৬ কোটি টাকা প্রদান করেছে । উল্লেখ্য এই প্রকল্পের অধীনে গত ২৪ সেপ্টেম্বর রাজ্যের ২৫ হাজারেরও অধিক উদ্যোগীকে প্রথম কিস্তির অর্থ হিসেবে ৭৫ হাজার টাকা করে প্রদান করা হয়েছিলো ।
রাজ্যের বেকার সমস্যা হ্রাস করা সহ শিল্পকরণের জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি করার লক্ষ্যে এই প্রকল্প গ্রহণ করা হয়েছে বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে এই প্রকল্পের মাধ্যমে নব প্রজন্মকে আত্মনির্ভরশীল করে তুলতে আর্থিক অনুদান ,প্রশিক্ষণ ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের সুবিধা প্রদান করা হবে ।

---

কাছাড় জেলার জনস্বাস্থ্য ব্যবস্থাকে ত্বরান্বিত করার উদ্দেশ্যে সবকটি বিভাগকে একত্রিত করে জেলার বিভিন্ন স্থানে পরিপূর্ণ ৮২ টি স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।এ উপলক্ষে আজ জেলা স্বাস্থ্য

বিভাগের অতিরিক্ত আয়ুক্ত ডঃ খালেদা সুলতানা আহমেদের পৌরহিত্যে এক সভা অনুষ্ঠিত হয়েছে ।সভায় এই শিবির আয়োজনের রূপরেখা প্রস্তুত করা হয় । সভায় স্বাস্থ্য ক্ষেত্রের গুরুত্বপূর্ণ পরিষেবাগুলো শিবিরের মাধ্যমে সাধারণ মানুষের কাছে পৌঁছানো এবং জনসাধারণ যাতে এই সুবিধার সুযোগ লাভ করতে পারেন সেই বিষয়ে প্রচার ও প্রসারে গুরুত্ব আরোপ করা হয় ।শিবিরে যৌন সংক্রমিত রোগ , এইচ আই ভি , যক্ষ্মা , হেপাটাইটিস বি এবং সি সহ সাধারণ স্বাস্থ্য সম্পর্কীত পরামর্শ প্রদান করার জন্য সংশ্লিষ্ট আধিকারীকদের নির্দেশ দেওয়া হয়েছে ।সভায় স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যুক্ত সবকটি বিভাগ , দিশা , ডি এ সি ও ইত্যাদির মধ্যে সমন্বয় সেতু তৈরী করে সবাইকে এগিয়ে আসার এবং প্রস্তাবিত শিবিরগুলি সুষ্ঠুভাবে আয়োজন করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করার আহ্বান জানানো হয়।

---

হাইলাকান্দি জেলা কর্ম বিনিয়োগ কেন্দ্রের ব্যাবস্থাপনায় জেলার বিভিন্ন স্কুল ও কলেজের শিক্ষার্থীদের ক্যারিয়ার গঠনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করার লক্ষ্যে হাইলাকান্দি এস এস কলেজে আজ বিশেষ কার্যসূচীর আয়োজন করা হয় । অনুষ্ঠানে অতিরিক্ত জেলা আয়ুক্ত অমিত পারবোসা ,দক্ষিণ আসাম জোনের ডেপুটি ডাইরেক্টর ইলভিনা থাউসেন , জেলা কর্ম বিনিয়োগ কেন্দ্রের আধিকারিক শম্পা পাল সহ বিশিষ্টজনেরা শিক্ষার্থীদের জীবন গঠনে প্রেরণা যোগাতে প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

---

করিমগঞ্জ জেলার দক্ষিণ করিমগঞ্জ সুসংহত শিশু উন্নয়ন প্রকল্পের অধীন ৪৪ টি অঙ্গনওয়ারী কেন্দ্রের ১০ টি কেন্দ্রে অঙ্গনওয়ারী কর্মী এবং ৩৪ টি কেন্দ্রে

অঙ্গনওয়ারী সহায়িকা নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে । এতে করিমগঞ্জ জেলার দক্ষিণ করিমগঞ্জ সুসংহত শিশু উন্নয়ন প্রকল্পের শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিক এক বিজ্ঞপতিতে জানিয়েছেন যে মহিলা প্রার্থী যারা অঙ্গনওয়ারী কর্মী ও সহায়িকা হিসেবে স্বেচ্ছায় সেবা দান করতে ইচ্ছুক তারা প্রয়োজনীয় নথিপত্র ও দুই কপি পাসপোর্ট সাইজ ফটো সহ নির্ধারিত প্রপত্রে দরখাস্ত জমা দিতে পারবেন । দরখাস্ত আগামী ২০ শে নভেম্বর পর্যন্ত সব কর্ম দিবসে সকাল ১১ টা থেকে বিকেল তিনটার মধ্যে দক্ষিণ করিমগঞ্জ আইসিডিএস প্রকল্পের আধিকারিকের কার্যালয়ে জমা দিতে হবে ।

---

লায়ন্স ক্লাব অফ লালার উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা অন্ধত্ব নিবারণী সংস্থা ও মাটিজুরি এস এইচ সি হাসপাতালের সহযোগিতায় আজ মাটিজুরি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে । শিবিরে মোট ৩২৭ জন রোগীর চোখ পরীক্ষা করেদ ৫১ জনের ছানি শনাক্ত করা হয় ।ছানি শনাক্ত করা রোগীদের আগামী ১৫ ই নভেম্বর থৈকে শিলচর লায়ন্স চক্ষু হাসপাতালে বিনামূলে অস্ত্রপোচার করা হবে ।এছাড়া শিবিরে মধুমেহ রোগ পরীক্ষা ও বিনামূল্যে ওষুধ বিতরণ করা হয় ।

---